"বিনোদনের মাধ্যমে শিক্ষা"

**নভোথিয়েটার**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫
www.novotheatre.gov.bd

নং ৩৯.০৫.০০০০.০০৫.১১.০০২.২৩- ৪৬৬

তারিখ: ০১ আশ্বিন ১৪৩২
১৬ সেপ্টেম্বর ২০২৫

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ১৩/১১/২০২৩ তারিখের ৩৯.০০.০০০০.০১৫.১৫.০০৩.১৩-৫৫ সংখ্যক, ০৫/১২/২০২৪ তারিখে ৩৯.০০.০০০০.০১৫.১১.০০১. ২৩.১৫০ সংখ্যক এবং ২২/০৫/২০২৫ তারিখের ৩৯.০০.০০০০.০০০.০২৫.১১.০০০১.২৩.৫৪ সংখ্যক স্মারকে পরিপ্রেক্ষিতে নভোথিয়েটারের রাজস্বখাতের (স্থায়ী/অস্থায়ী) নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://novotheatre.teletalk.com.bd) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম , বেতন স্কেল ও পদের প্রকৃতি (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) (স্থায়ী-০১ ও অস্থায়ী-০১)<br>১১তম গ্রেড (১২৫০০-৩০২৩০/-) | ০২ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩ (তিন) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা। | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে বয়সসীমা ১৮ বছর হতে ৩২ বছর। |
| ২. | কম্পিউটার অপারেটর (স্থায়ী-০২ ও অস্থায়ী-০১)<br>১৩তম গ্রেড (১১০০০-২৬৫৯০/-) | ০৩ | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) ডিগ্রী বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৩. | সেলার (স্থায়ী-০১ ও অস্থায়ী-০১)<br>১৩তম গ্রেড (১১০০০-২৬৫৯০/-) | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী এবং কম্পিউটার পরিচালনায় সার্টিফিকেটসহ অন্যূন ৪(চার) বছরের কর্ম অভিজ্ঞতা। | |
| ৪. | রাইড সিমুলেটর অপারেটর (অস্থায়ী-০১)<br>১৪তম গ্রেড (১০২০০-২৪৬৮০/-) | ০১ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স বা কম্পিউটার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে স্নাতক ডিগ্রি এবং কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্তসহ কম্পিউটার নিয়ন্ত্রিত যন্ত্রপাতি পরিচালনায় অন্যূন ১ (এক) বৎসরের কর্ম অভিজ্ঞতা। | |
| ৫. | ডাটা এন্ট্রি অপারেটর<br>(অস্থায়ী-০১)<br>১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০/-) | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৬. | টিকেট চেকার (অস্থায়ী-০১)<br>১৬তম গ্রেড (৯৩০০-২২৪৯০/-) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৭. | অফিস সহায়ক<br>(স্থায়ী০-০৪ ওঅস্থায়ী-০২)<br>২০তম গ্রেড (৮২৫০-২০০১০/-) | ০৬ | অষ্টম শ্রেণি উত্তীর্ণ। | |
| | মোট | ১৬ | | |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. গত ১২/১২/২০২৩ তারিখে 'দৈনিক ইত্তেফাক ও The Business Post পত্রিকায় প্রকাশিত নভোথিয়েটার নিয়োগ বিজ্ঞপ্তির (নং-৩৯.০৫.০০০০.০০৫.১১.০০২.২৩-২৭৪/১, তারিখ: ০৪/১২/২০২৩) মোতাবেক যারা ইতোমধ্যে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনকারী প্রার্থীদের আবেদন সংরক্ষণ করা হয়েছে।

২. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে (নভোথিয়েটার-এর ওয়েব সাইটে প্রকাশিত নমুনা মোতাবেক) নির্দিষ্ট ফরমে অনাপত্তি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

CamScanner

. আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

. লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না। একাধিক পদের পরীক্ষা একই দিনে একই সময়ে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষার সময়সূচি নভোথিয়েটারের www.novotheatre.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

. নিয়োগকৃতদের বাংলাদেশের যেকোন নভোথিয়েটারে পদায়ন করা হবে।

. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করা এবং পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় :**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ https://novotheatre.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০/০৯/২০২৫ সকাল ১০:০০ ঘটিকা।

ii online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১/১০/২০২৫ বিকাল ৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (৩০০× ৩০০) pixel ও স্বাক্ষর (৩০০× ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সর্ম্পূণ কালো/ সর্ম্পূণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে দুইটি SMS করে ক্রমিক ১ নং এর পদের জন্য টেলিটকের সার্ভিস চার্জ ১৮ টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ক্রমিক নং ২ থেকে ৬ এর পদের জন্য টেলিটকের সার্ভিস চার্জ ১২ টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ক্রমিক নং ৭ এর পদের জন্য টেলিটকের সার্ভিস চার্জ ৬ টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা জমা দিবেন । তবে অনগ্রসর প্রার্থীদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) ক্ষেত্রে আবেদন ফি টেলিটকের সার্ভিস চার্জ ৬ টাকাসহ মোট ৫৬ টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

SMS করার পদ্ধতি:

**প্রথম SMS:** NOVOTHEATRE<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NOVOTHEATRE ABCDEF

**Reply:** Applicant's Name, Tk.168/112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. **To pay fee Type** NOVOTHEATRE <Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** NOVOTHEATRE <space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NOVOTHEATRE YES xxxxxxxxxx

**Reply:** Congratulations Applicant's Name, payment completed successfully for NOVOTHEATRE Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://novotheatre.teletalk.com.bd অথবা নভোথিয়েটারের Website: www.novotheatre.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: NOVOTHEATRE <space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: NOVOTHEATRE HELP USER ABCDEF

CamScanner

ii PIN Number জানা থাকলে: NOVOTHEATRE <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: NOVOTHEATRE HELP PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও নভোথিয়েটারের ওয়েবসাইট (www.novotheatre.gov.bd) এবং https://novotheatre.teletalk.com.bd ওয়েবসাইটে দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.novotheatre.gov.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর 121 অথবা যেকোন অপারেটরের ফোন থেকে 01500121121 নম্বরে কল করুন। এছাড়া alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটক জবপোর্টাল এর ফেজবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। মেইল/মেসেজ এর Subject-এ Organization Name: NOVOTHEATRE, Post Name:***, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৯. Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১০. উপর্যুক্ত নিয়োগ সংশ্লিষ্ট যে কোন বিষয়ে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

স্বাক্ষরিত/-<br>
মোঃ শাওগাতুল আলম<br>
মহাপরিচালক ও<br>
সভাপতি<br>
১০-২০ গ্রেড নিয়োগ সংক্রান্ত কমিটি<br>
নভোথিয়েটার

CamScanner